সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৭৮ তারিখ: ০৫ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
১৯ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৮৭২ তম কমিশন সভা অদ্য ১৯/০৬/২০২৩ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:-

০১. কমিশন অদ্যকার সভায়, PRAN Agro Limited এর ২৬২ (দুইশত বাষট্টি) কোটি ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা অভিহিত মূল্যের Guaranteed, Unsecured, Transferrable, Redeemable, and Non-Convertible PRAN Agro Bond II এর প্রস্তাব অনুমোদন করেছে যার Coupon Rate ৮.৮৮%। এই বন্ডটি প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী ও উচ্চ সম্পদশালী একক বিনিয়োগকারীদের নিকট ইস্যু করা হবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ) লক্ষ টাকা। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে PRAN Agro Limited অফিস ও কারখানা ভবন, যন্ত্রপাতি ও সরঞ্জাম এবং ঋণ পুনঃঅর্থায়ন খাতে ব্যয় করবে। উক্ত বন্ডের Trustee হিসাবে দায়িত্ব পালন করছে Green Delta Capital Ltd. এবং Arranger হিসাবে কাজ করছে Riverstone Capital Ltd.। এছাড়াও উক্ত বন্ডটিকে Alternative Trading Board এ অন্তর্ভূক্ত করার জন্য শর্তারোপ করা হয়।

০২. কমিশন অদ্যকার সভায়, Runner Automobiles PLC এর ২৬৭,৫০,০০,০০০ (দুইশত সাতষট্টি কোটি পঞ্চাশ লক্ষ) টাকার ০৭ বছর মেয়াদী Unsecured, Reedeemable, Non-Convertible, Guranteed, Sustainability Bond এর প্রস্তাব অনুমোদন করেছে। উক্ত বন্ডের কুপন হার ৮.৫০ হতে ৯.০০ এর মাঝে নির্ধারিত হবে। বহুজাতিক ও দেশীয় বীমা কোম্পানি, ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, কর্পোরেটস ও উচ্চ সম্পদশালী একক বিনিয়োগকারীদের মাঝে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে বন্ডটি ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে উক্ত কোম্পানীর কাস্টমারদের ঋণ সুবিধা, সোলার প্ল্যান্ট নির্মাণ এবং বন্ড ইস্যু সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করা হবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। বন্ডটির Trustee এবং Lead Arranger হিসাবে যথাক্রমে DBH Finance PLC এবং Green Delta Capital Limited কাজ করছে। এছাড়াও উক্ত বন্ডটিকে Alternative Trading Board এ অন্তর্ভূক্ত করার জন্য শর্তারোপ করা হয়।

০৩. কমিশন অদ্যকার সভায়, বে-মেয়াদি ফান্ড 'CWT- Community Bank Shariah Fund' এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ২৫ কোটি টাকা। এর মধ্যে উদ্যোক্তা 'Community Bank Bangladesh Limited' ২.৫০ কোটি টাকা প্রদান করেছে এবং বাকি ২২.৫০ কোটি টাকা সাধারণ বিনিয়োগকারীগণের জন্য উন্মুক্ত থাকবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। উক্ত ফান্ডের সম্পদ ব্যবস্থাপক হলো 'CWT Asset Management Company Limited'। ফান্ডের ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে 'সন্ধানী লাইফ ইনস্যুরেন্স কোম্পানি লিমিটেড' এবং 'ব্রাক ব্যাংক লিমিটেড'।

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র